



তারিখ: ২১/০৫/২০২৬ খ্রি.

**২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ফরমপূরণের বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : ০৫(৫৩০) জাতীয়বিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২১/৫৮০২ তারিখ: ১৭/০৫/২০২৬ মোতাবেক জানানো যাচ্ছে যে, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ ২১/০৫/২০২৬ হতে ১১/০৬/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। ফরমপূরণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ১১/০৬/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট ([ems.nu.ac.bd](http://ems.nu.ac.bd)) থেকে ফরম ডাউনলোড করার পর ১১/০৬/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে ফরম পূরণের ফি “নগদ Bill Pay”, “বিকাশ Education Fee” বা “উপায় Education Fee” এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

**ফরম পূরণে ধার্যকৃত টাকার পরিমাণ (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) নিম্নরূপ:**

ক্র.	বিবরণী	নিয়মিত/ প্রাইভেট	নিয়মিত	অনিয়মিত	অনিয়মিত	সার্টিফিকেট কোর্স	গ্রেড/মানোন্নয়ন	ফরমপূরণ-এর ফি পরিশোধের তারিখ
		বিএ, বিএসএস ও বিবিএস	বিএসসি	বিএ, বিএসএস ও বিবিএস	বিএসসি		১ পত্রের জন্য নির্ধারিত	
০১	পরীক্ষা ফি (তত্ত্বীয়)	১০৫০/-	১০৫০/-	১০৫০/-	১০৫০/-	৩০০/-	১৫০/-	২১/০৫/২০২৬ হতে ১১/০৬/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত
০২	নম্বরপত্র ও সনদপত্র ফি	১০০০/-	১০০০/-	১০০০/-	১০০০/-	৫০০/-	-	
০৩	ইনকোর্স (৩০০+১৫০)	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	-	
০৪	কেন্দ্র ফি (তত্ত্বীয়)	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	
০৫	ব্যবহারিক (জাতীয়)	-	৯০০/-	-	৯০০/-	-	-	
০৬	কেন্দ্র ফি (ব্যবহারিক)	-	৫২৫/-	-	৫২৫/-	-	-	
০৭	ব্যবহারিক (কলেজ)	-	৩৯০/-	-	৩৯০/-	-	-	
০৮	ব্যবস্থাপনা	৫০/-	৫০/-	৫০/-	৫০/-	৫০/-	৫০/-	
০৯	বিশেষ অর্ন্তভুক্তি ফি	-	-	-	-	-	৬০০/-	
সর্বমোট =		৩,০০০/-	৪,৮১৫/-	৩,০০০/-	৪,৮১৫/-	১,৭৫০/-	১,২৫০/-	

**বিশেষ দ্রষ্টব্য :**

- ১) শুধুমাত্র রসায়ন বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্ধারিত ফি এর সাথে ২য় দিনের ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ অতিরিক্ত ৭৫/- (পঁচাত্তর) টাকা যোগ করতে হবে।
- ২) মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তী প্রতি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা করে যোগ করতে হবে।
- ৩) Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত বিশেষ অর্ন্তভুক্তি ফি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা যোগ করতে হবে।
- ৪) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসব পরীক্ষার্থী এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত পরীক্ষায় অংশগ্রহণ করবেন, তাদের নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত বিশেষ অর্ন্তভুক্তি ফি হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিতে হবে।
- ৫) যেসকল শিক্ষার্থী স্নাতক পাস ৩য় বর্ষে ভর্তি/সেশন ফি পরিশোধ করে নাই তাদের সেশন ফি বিএ, বিএসএস ও বিবিএস = ২,৩৪০/- এবং বিএসসি = ২,৪৬৫/- টাকা যোগ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমপূরণ সংক্রান্ত প্রক্রিয়া:-**

ধাপ ১: <http://ems.nu.ac.bd/student-login/> ওয়েবসাইটে প্রবেশ করে নিজের NU Registration Number দিয়ে লগইন করতে হবে।

ধাপ ২: Form Fill Up ম্যানুতে ক্লিক করে Apply Now বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য যেমন: পরীক্ষার বিষয়, মোবাইল নম্বর ইত্যাদি সঠিকভাবে দিয়ে Submit বাটনে ক্লিক করে Pop-Up ম্যানু থেকে Form Fill Up নিশ্চয়নের জন্য YES বাটনে ক্লিক করতে হবে।

ধাপ ৩: Application Form ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমপূরণের পর ফি জমাদান প্রক্রিয়া (ফরমপূরণ-এর অনলাইন আবেদন করার পরবর্তী দিন ফি জমা দেয়া যাবে):**

ধাপ ১: Nagad, Bkash অথবা Upay App এ Login করতে হবে।

ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay বা বিকাশ এবং উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।

ধাপ ৪: Enter Student ID এর স্থানে NU Reg. No. (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর) এন্ট্রি দিতে হবে।

ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

**ফরমপূরণ সংক্রান্ত সতর্কতা:**

- ১) কলেজে কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং ব্যতীত অন্য কোন উপায়ে ফরমপূরণের ফি পরিশোধ করা যাবে না।
- ২) ফরমপূরণের অনলাইনে ডাউনলোডকৃত আবেদন ফরম এবং টাকা জমার রশিদ প্রবেশপত্র হাতে পাওয়া পর্যন্ত শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।
- ৩) ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদিত হবে, কলেজে কোন কাগজপত্র জমা দিতে হবে না।

21.5.26  
অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারি কলেজ  
গাজীপুর